দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 30 DEC 2005
পৃষ্ঠা 8 কলাম 8

# ছাত্রদল ও শিবিরের হাতে শিক্ষক লাঞ্ছিত ॥ ৫ দিনের কর্মবিরতি

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ॥ দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষক আবারও ছাত্রদল ও শিবিরকর্মীদের হাতে লাঞ্ছিত হয়েছেন। এই ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এক জরুরী সভায় মিলিত হয়ে ৫ দিনের কর্মবিরতির ঘোষণা দিয়েছেন। বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এই কর্মবিরতির ফলে বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষা গ্রহণে অনিশ্চয়তা দেখা দিয়েছে। শিক্ষকরা জানিয়েছেন, আগামী ৫ দিনের মধ্যে দোষী ছাত্রদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করলে তাঁরা পরবর্তীতে বৃহত্তর আন্দোলন কর্মসূচী ঘোষণা করবে।

**দিনাজপুর হাজী দানেশ বিশ্ববিদ্যালয়**

হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উদ্ভিদ ও প্রজনন বিভাগের শিক্ষক ভবেন্দ্র নাথ বিশ্বাস বুধবার সপরিবারে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের গেটে এসো পৌঁছলে তিনি কয়েকজন ছাত্রের হাতে লাঞ্ছিত হন। জানা যায়, হামলাকারী ছাত্ররা ছাত্রদল ও ছাত্রশিবিরের ওই বিশ্ববিদ্যালয়ের চিহ্নিত ক্যাডার।

এ ঘটনার পরই বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এক জরুরী সভায় মিলিত হন। সভায় হামলাকারী ছাত্রদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানানো হয়। সভা চলাকালে বিএনপি ও জামায়াত সমর্থিত কয়েক শিক্ষকের নেতৃত্বে প্রায় ৩০ ছাত্রদল ও শিবির ক্যাডার ওই শিক্ষকের ওপর আবার হামলার চেষ্টা করলে কোন সিদ্ধান্ত ছাড়াই সভা ভণ্ডুল হয়ে যায়। বৃহস্পতিবার সকালে পুনরায় শিক্ষক সমিতির এক জরুরী সভায় সর্বসম্মতিক্রমে ৫ দিনের কর্মবিরতি কর্মসূচী ঘোষণা করা হয়। উল্লেখ্য, এ বছরের জুলাই মাসে হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষক ছাত্রদল ক্যাডারদের হাতে প্রহৃত হন।